# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১১৯. যা সুখ বয়ে আনে

১. আমলে সালেহ বা নেক আমল বা পুণ্যকর্ম বা সৎ কাজ বা ভলো কাজ :

“মু'মিন পুরুষ বা মহিলা যে কেহ আমলে সালেহ করে তাকে আমি পবিত্র তথা উত্তম জীবন যাপন করাব।” (১৬-সূরা আন নাহল: আয়াত-৯৭)

২. নেক বিবি বা ধার্মিক স্ত্রী :

“হে আমাদের প্রভু! আমাদেরকে চোখ জুড়ানো স্ত্রী-পুত্র কন্যা দান করুন।” (২৫-সূরা আল ফুরকান : আয়াত-৭৪)

৩. একটি প্রশস্ত বাড়ি। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- “হে আল্লাহ! আমার বাড়িকে আমার জন্য প্রশস্ত করে দিন।”

৪. হালাল রুজী : আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “নিশ্চয় আল্লাহ্ পবিত্র, পবিত্র জিনিস ছাড়া অন্য কিছু তিনি কবুল (গ্রহণ) করেন না।”

৫. উত্তম আচরণ ও মানুষের প্রতি দয়া-মমতা স্নেহ পরায়ণতা।

“এবং আমি যেখানেই থাকি না কেন তিনি আমাকে সৌভাগ্যবান করেন।” (১৯-সূরা মারইয়াম: আয়াত-৩১)

৬. অভাবমুক্ত হওয়া এবং বেপরোয় খরচকারী না হওয়া।

“এবং তারা যারা অপচয়ও করে না এবং কার্পণ্যও করে না।” (২৫-সূরা আল ফুরকান: আয়াত-৬৭)

وَلَا تَجْعَلْ يَدَكَ مَغْلُولَةً إِلَى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُومًا مَّحْسُورًا

এবং (কৃপণের মতো) তোমার হাতকে তোমার ঘাড়ের নিকট গুটিয়ে রেখো না এবং (অপচয়কারীর মতো) তোমার হাতকে পুরাপুরি প্রশস্ত করে দিও না। (১৭-সূরা বনী ইসরাঈল: আয়াত-২৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7628

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন